# মাগুরা পৌরসভা কার্যালয়, মাগুরা
স্থাপিত ঃ ১৯৭২
ফোন ঃ ০৪৮৮-৬২২৯০, ফ্যাক্স ঃ ০৪৮৮-৫১২০৯
E-mail : magura_paurashava@yahoo.com
Webportal: www.paurainfo.gov.bd Website: www.magurapaurashava.org

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক সংখ্যা ঃ- মাঃ পৌঃ/ তারিখ ঃ

প্রাপক,

জনাব - - - - - - - - - - - - - ---------
- - - - - - - - - - - - - - - - - - - - -
- - - - - - - - - - - - - - - - - - - - -

বিষয় ঃ মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের মর্মালোকে জানানো যাচ্ছে যে, অত্র পৌরসভার মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভা আগামী ২৪/১২/২০১৯ ইং তারিখ রোজ মঙ্গলবার, দুপুর ১২.০০ ঘটিকায় মাগুরা পৌরসভা কার্যালয়ে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানিত সদস্যগনকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল।

(মোছাঃ ছোবেতারা বেগম)
সভাপতি
মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মাগুরা পৌরসভা।

আলোচ্যসূচী :

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ।
২। বেগম রোকেয়া দিবস/২০১৯ উযাপন সম্পর্কে আলোচনা ।
৩। জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP)'র কর্মপরিকল্পনা সম্পর্কে আলোচনা।
৪। বিবিধ।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হইল ঃ

১। মেয়র, মাগুরা পৌরসভা ।
২। নির্বাহী প্রকৌশলী (ভারঃ), মাগুরা পৌরসভা ।
৩। সচিব, মাগুরা পৌরসভা।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাগুরা পৌরসভা ।
৫-১৩। সকল সদস্য।
১৪। অফিস নথি।

(মোছাঃ ছোবেতারা বেগম)
সভাপতি
মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মাগুরা পৌরসভা।

# মাগুরা পৌরসভা কার্যালয়, মাগুরা।

## মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য এবং সহায়তাকারীগণের উপস্থিতি

**স্থান : পৌরসভা কার্যালয়।** তারিখ : ২৪/১২/২০২১

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ ছোবেতারা বেগম,<br>কাউন্সিলর, সংরক্ষিত আসন-১, মাগুরা পৌরসভা | সভাপতি | [signature] |
| ০২ | জনাব মোঃ খুরশীদ হায়দার টুটুল<br>মেয়র, মাগুরা পৌরসভা (পদাধিকার বলে) | সদস্য | [signature] |
| ০৩ | জনাব মোঃ আমিনুল ইসলাম,<br>কাউন্সিলর, সাধারণ আসন-১, মাগুরা পৌরসভা | সদস্য | [signature] |
| ০৪ | জনাব পারভীন আক্তার,<br>কাউন্সিলর, সংরক্ষিত আসন-২, মাগুরা পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | জনাব মনিরা বেগম,<br>কাউন্সিলর, সংরক্ষিত আসন-৩, মাগুরা পৌরসভা | সদস্য | [signature] |
| ০৬ | জনাব লিপিকা দত্ত,<br>মহিলা পরিষদ(সদস্য), এফটিবিএ(সাধারণ সম্পাদক), সদস্য(TLCC), হরিশ দত্ত সড়ক, মাগুরা | কো-অপ্ট সদস্য | |
| ০৭ | জনাব আবু এহিয়া মোঃ রেজা,<br>কাউন্সিলর, সাধারন আসন-৯, মাগুরা পৌরসভা। | সহায়তাকারী | [signature] |
| ০৮ | তাপস কুমার ব্যানার্জী, বস্তি উন্নয়ন কর্মকর্তা, মাগুরা পৌরসভা। | সদস্য সচিব | [signature] ২৪/১২/২১ |

# মাগুরা পৌরসভা কার্যালয়, মাগুরা।

## সভা নং- ৬৮

## মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভা

সভাপতি ঃ জনাব ছোবেতোরা বেগম, সংরক্ষিত আসন-, মাগুরা পৌরসভা।
স্থান ঃ মাগুরা পৌরসভা কার্যালয়, মাগুরা।
তারিখ ঃ ২৪/১২/২০১৯ইং।
সময় ঃ বেলা ১২.০০ টা।

সভার সভাপতিত্ব করেন জনাব ছোবেতোরা বেগম, সংরক্ষিত আসন-১, মাগুরা পৌরসভা। সভাপতি সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচ্য সুচি :
১। বিগত সভার কার্যবিবরনী পাঠ।
২। বেগম রোকেয়া দিবস-২০১৯ উদযাপন সম্পর্কে আলোচনা।
৩। জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
৪। বিবিধ।

| ক্র: নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | পূর্ববর্তী সভার বাস্তাবায়িত কাজ | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন | সভার আলোচ্যসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। সভার কার্যবিবরণী বাস্তবায়নের জন্য সদস্যগন সুপারিশ করেন। | সর্বসম্মতি ক্রমে বিগত সভার কার্যবিবরনী অনুমোদিত এবং বাস্তবায়নের সুপারিশ করা হয়। | মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি | সভাপতি, সদস্য সচিব মাহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২ | বেগম রোকেয়া দিবস-২০১৯ ইং উদযাপন সম্পর্কে আলোচনা। | আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সভাপতি। তিনি সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন- গত ০৯ ডিসেম্বর নারী জাগরণের পথিকৃত বেগম রোকেয়া স্মরনে রোকেয়া দিবস উদযাপন করা হয়। সকলের স্বতস্ফুর্ত অংশগ্রহনের মাধ্যমে দিবসটি পালন করা হয়। সদস্য সচিব সভা-কে জানান- গত ০৯ ডিসেম্বর সকাল ১০টায় পৌরসভা চত্বর থেকে সকল ওয়ার্ডের সমন্বয়ে একটি বর্ণাঢ্য র‌্যালী বের হয়ে শহরের গুরুত্বপূর্ন স্থানগুলি প্রদক্ষিন করে পৌরসভা মিলনায়তনে একত্রিত হয়। অতঃপর আলোচনা অনুষ্ঠান শুরু হয়। সম্মানিত সভাপতি এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহন করে; রোকেয়া স্মরনে দিবসের তাৎপর্য ও গুরুত্বপূর্ন মতামত উপস্থাপন করেন। | প্রকল্পের নির্দেশনা অনুযায়ী বেগম রোকেয়া দিবস-২০১৯ উদযাপনের সিদ্ধান গৃহিত হয়। | মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি | সভাপতি, সদস্য সচিব মাহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | পরিশেষে আমন্ত্রিত অতিথিবৃন্দদের আপ্যায়নের মাধ্যমে শান্তিপূর্ন ভাবে দিবসটি উদযাপনের সমাপ্তি হয়। | | | |
| ৩ | জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়ন সম্পর্কে আলোচনা। | আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সভাপতি। তিনি বলেন চলতি কোয়ার্টারে কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে জানান।<br><br>সদস্য সচিব বলেন নারীদের এগিয়ে আনার লক্ষ্যে মাগুরা পৌরসভার মেয়র মহোদয়ের নির্দেশনা অনুযায়ী কাজ করে যাচ্ছে। তারই আলোকে কর্ম পরিকল্পনা অনুযায়ী নারীদের স্বাস্থ্য সহায়তা প্রদান , শিক্ষা সহায়তা, বিভিন্ন দান অনুদান, স্থায়ী কামিটি পরিচালনা সহ বিভিন্ন ধরনের কার্যক্রম চলমান রয়েছে। চলতি কোয়াটারে দান অনুদান বাবদ ১৯১০০০- টাকা এবং নারী কর্মী নিয়োগ ৩০০০০/- টাকা সর্বমোট ২২১০০০/-টাকা খরচ করেন।<br><br>সদস্য জনাব মনিরা বেগম বলেন- নারীদের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি কল্পে স্বাস্থ্য সহায়তা কার্ড প্রদান করা হলে নারীদের সেবার মান বৃদ্ধি পাবে। উপস্থিত সদস্য বৃন্দ এই বিষয়ে একমত পোষন করেন।<br><br>সদস্য জনাব আবু এহিয়া মো রেজা বলেন- গত অর্থবছরের ন্যায় চলতি অর্থবছরে নারীদের কে আরো কয়েকটি আয়বর্ধক প্রশিক্ষন প্রদান করা হলে ভাল হয়। উপস্থিত সদস্য বৃন্দ এই বিষয়ে একমত পোষন করেন। | কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহন করার সিদ্ধান্ত হয়। | মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি | সভাপতি, সদস্য সচিব মাহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৪ | বিবিধ | সভায় নারী শিক্ষা, নারীস্বাস্থ্য, মাদক, ডেঙ্গু নিমূল, নারী নির্যাতন ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।<br>সদস্য জনাব আমিনুল ইসলাম বলেন-যারা নারী নির্যাতন করে তারা সমাজের শত্রু, দেশের শত্রু। তিনি তাদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করেন। এ ব্যাপারে সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দ একমত পোষন করেন।<br><br>সদস্য জনাব পারভিন আক্তার বলেন- গর্ভবতী নারীদের সহায়তা বৃদ্ধিকল্পে বিভিন্ন পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ জানান। এ ব্যাপারে সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দ একমত পোষন করেন। | সচেতনতা মূলক কার্যক্রম গ্রহন করার সিদ্ধান্ত হয়। | মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি | সভাপতি, সদস্য সচিব মাহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ ছোবেতারা বেগম)
সভাপতি
মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, সংরক্ষিত আসন-১
মাগুরা পৌরসভা